

২০২০ - ২০২১ শিক্ষাবর্ষে ছাত্রছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় অনুমোদিত ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত এবং এই বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের অধীনে একাডেমিক ৪ বছর ও ১ বছর বাধ্যতামূলক ইন্টার্নশীপসহ মোট ৫ বছর মেয়াদী নিম্নে বর্ণিত কোর্স সমূহে ১ম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য অনলাইনের মাধ্যমে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

- বিএসসি-ইন ফিজিওথেরাপি
- বিএসসি-ইন অকুপেশনাল থেরাপি
- বিএসসি-ইন স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপি
- বিএসসি ইন প্রস্টেটিক্স এন্ড অর্থোটিক্স

ভর্তির জন্য আবেদনের যোগ্যতা :

জীববিজ্ঞান, পদার্থবিদ্যা ও রসায়ন সহ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৮.০০ এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পৃথক পৃথক ভাবে জিপিএ ৩.৫০ থাকতে হবে। আবেদনকারীকে ২০১৭ অথবা ২০১৮ সালে মাধ্যমিক/ সমমান পরীক্ষায় এবং ২০১৯ অথবা ২০২০ সালে উচ্চ মাধ্যমিক / সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

আবেদন করার নিয়মাবলী :

Bangladesh Health Professions Institute (BHPI) এর Website:www.bhpi.edu.bd এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য আবেদনকারীর ছবি (300 x 300 pixel, image size:100kb,format:jpg) ও স্বাক্ষর (180 x 120 pixel, image size:30kb, format: jpg) প্রয়োজন হবে। প্রথমে Mozilla Firefox Browser এর মাধ্যমে Bangladesh Health Professions Institute (BHPI) এর ওয়েবসাইট www.bhpi.edu.bd এ গিয়ে বা সরাসরি www.bhpi.edu.bd/bachelor-program/ এ গিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম যথাযথভাবে পূরণ করার পর আবেদন ফরমে একটি Student ID আসবে। উক্ত Student ID টি বিল পেমেন্ট করার জন্য সংরক্ষণ করতে হবে।

আবেদন ফি বাবদ এক হাজার দশ টাকা রকেট এর মাধ্যমে পরিশোধ করতে হবে। রকেট এ্যাপস এর Bill Pay তে গিয়ে Biller Name: Bangladesh Health Professions Institute (BHPI) তে Student ID টি বসিয়ে পেমেন্ট সম্পন্ন করতে হবে। পেমেন্ট সম্পন্ন করার পর একটি Bill No. ও TxnId আসবে।

Admit Card Download করার জন্য Admit Card Download এ গিয়ে উক্ত Bill No. ও TxnId টি Submit করে Admit Card Download করতে হবে।

অনলাইনে আবেদনের বিস্তারিত নির্দেশনা Website:www.bhpi.edu.bd ওয়েবসাইটে দেয়া আছে।

➤ অসম্পূর্ণ আবেদন/ কোন তথ্য ভুল/ মিথ্যা প্রমানিত হলে আবেদনপত্র/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ভর্তি পরীক্ষা পদ্ধতি :

ক) মোট ২০০ নম্বরের মধ্যে ফলাফল প্রস্তুত করা হবে। এসএসসি এবং এইচএসসি এর ফলাফলের জন্য = ১০০ নম্বর, (এসএসসি=৪০% এবং এইচএসসি=৬০%)। খ) লিখিত পরীক্ষা (এমসিকিউ পদ্ধতি) = ১০০ নম্বর।

লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক মানবন্টন : পদার্থবিদ্যা = ২৫, রসায়নবিদ্যা = ২৫, জীববিদ্যা = ২৫, ইংরেজী = ১৫, সাধারণ জ্ঞান = ১০।

ভর্তিসংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী www.bhpi.edu.bd তে বিস্তারিত জানা যাবে।

অনলাইনে আবেদন শুরু ও আবেদনের শেষ তারিখ : ০৮.০৭.২০২১ ইং থেকে ২০.১০.২০২১ ইং।

ভর্তি পরীক্ষা ও স্বাস্থ্যগত পরীক্ষার সময়সূচী : ২৫.১০.২০২১ ইং সকাল ১০টা, বিএইচপিআই, সিআরপি, সাভার।

ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ : ২৮.১০.২০২১ ইং বিকাল ৫.০০ টায়।

প্রয়োজনে ফোন নম্বর সমূহ : ০২-২২৪৪৪৫৪৬৪-৫; ০১৭৩০০৫৯৬৪৭

(অফিস চলাকালীন সময় শনিবার - বুধবার সকাল ৮.০০ টা থেকে বিকাল ৫.০০ টা এবং বৃহস্পতিবার ৮.০০ টা থেকে দুপুর ১.৩০ টা পর্যন্ত; শুক্রবার বন্ধ)

বি.দ্র.: ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

অধ্যক্ষ

বিএইচপিআই, সিআরপি।